

কলকাতা বিশ্ববিদ্যালয়

ইতিহাস অনার্স

3rd সেমিস্টার CC 6

প্রশ্ন: চতুর্দশ শতকের সংকট সম্পর্কে যা জানো লেখ। (10)

ইউরোপের ইতিহাসে চতুর্দশ শতক জনস্বাস্থ্যের নিরিখে সম্ভবত ভয়াবহতম সময় ছিল। সময়ের সাথে সাথে খাদ্য সংকট ক্রমশ দুর্ভিক্ষের আকার নেয়। দুর্ভিক্ষের সঙ্গে আসে মহামারী এবং শুরু হয় ইউরোপের জনসংখ্যা হ্রাসের প্রক্রিয়া। নগরের বাড়তে থাকা সমৃদ্ধিতে আচ্ছন্ন হয়ে গ্রামাঞ্চল থেকে যত মানুষ শহরে আসতে শুরু করে ততোই শহরগুলির খাদ্য বস্ত্রের চাহিদা বেড়ে যেতে থাকে। আপাতদৃষ্টিতে এটি বাণিজ্যের পক্ষে সহায়ক পরিস্থিতির সৃষ্টি করলেও আপৎকালীন আপৎকালীন অবস্থায় এর পরিণাম হত ভয়াবহ। পরপর দুটি মরসুমে খারাপ ফসল হলেই ইউরোপে দুর্ভিক্ষের ছায়া দেখা দিত। ত্রয়োদশ শতকের শুরু থেকেই এমন পরিস্থিতি বারংবার দেখা দেয়।

১৩০৪--১৩১৮ এর মধ্যে খাদ্য সংকট উত্তর জার্মানি থেকে শুরু করে ফ্রান্স, নেদারল্যান্ডস, ইংল্যান্ড, জার্মানি, রাইনল্যান্ড প্রভৃতি অঞ্চলে ছড়িয়ে পড়ে। এই সময় ইউরোপের সমৃদ্ধতম দেশ ফ্রান্সে চতুর্দশ শতকে চারবার দেশব্যাপী দুর্ভিক্ষ দেখা দেয়। ১৩১৫-১৭, ১৩৫১ এবং ১৩৫৯ সালের দুর্ভিক্ষ গুলির ভয়াবহতা সমকালীন তথ্যের স্পষ্টভাবে দেখা গিয়েছিল। পঞ্চদশ শতকে এই ধারা অব্যাহত রেখে অন্তত প্রায় ৭ বার দেশব্যাপী দুর্ভিক্ষ দেখা দেয়। অনুরূপ শোচনীয় পরিস্থিতি ইউরোপের প্রায় সর্বত্র দেখা যেত।

দুর্ভিক্ষের সময় গ্রামসহ নির্বিশেষে সমস্যা দেখা দিত, যদিও তার কারণ হত অনেকটাই আলাদা। গ্রামাঞ্চলে ম্যানর বাসি কৃষিজীবী মানুষ তাদের উৎপাদনের একটা বড় অংশই বিক্রি করে দিতে বাধ্য হতো।

---

প্রশ্ন: আমেরিকার ভৌগোলিক আবিষ্কারের পটভূমি আলোচনা করো। ইউরোপের অর্থনীতিতে এর প্রভাব কি হয়েছিল?

কলম্বাসের অভিযানে ৭০ বছর আগে থেকে যে সমস্ত ইউরোপীয় সামুদ্রিক অভিযান পরিচালিত হয়েছিল তার সবচেয়ে গুরুত্বপূর্ণ ফলশ্রুতি ছিল ইউরোপের কাছে সম্পূর্ণরূপে অজ্ঞাত একটি মহাদেশ the new world বা আমেরিকা আবিষ্কার। একে একে এতে অংশগ্রহণ করেছিল স্পেন, পর্তুগিজ, ফরাসি ও ইংরেজরা।

কলম্বাস তার প্রথম অভিযানে আবিষ্কার করেছিলেন সান সালাভাদর, শান্তা মারিয়া, কিউবার উত্তর পূর্ব উপকূল, এবং হাইতি দ্বীপের একটি অংশ। পপ ষষ্ঠ আলেকজান্ডার এক বিশেষ আদেশবলে এই দ্বীপ গুলির উপর স্পেনীয় নিয়ন্ত্রণ মেনে নিয়েছিলেন। ১৪ ৯৩ খ্রিস্টাব্দে কলম্বাস তার দ্বিতীয় অভিযানে হিস্পানিওলায় উপনিবেশ প্রতিষ্ঠা করেছিলেন। এরপর পরপর চারটি অভিযানে তিনি পশ্চিম ভারতীয়

দ্বীপপুঞ্জ এর অন্তর্গত একাধিক দ্বীপ যথা ত্রিনিদাদ, কোস্টারিকা, হন্ডুরাসের বিস্তীর্ণ উপকূল প্রভৃতি এলাকায় উপনিবেশ স্থাপন করেন। বলাবাহুল্য এখানে স্পেনের উপনিবেশ গড়ে উঠেছিল এবং এগুলি মধ্য আমেরিকার মূল ভূখণ্ডে অবস্থিত ছিল।

ষোড়শ শতক ছিল স্পেনের আমেরিকা বিজয় ও উপনিবেশ প্রতিষ্ঠার গৌরবময় যুগ। এই যুগে এসপেন উত্তর মধ্য ও দক্ষিণ আমেরিকার বিস্তীর্ণ অঞ্চলে উপনিবেশ গড়ে তুলতে সক্ষম হয়। স্পেনীয় রণ নায়ক কটেজ মেক্সিকোর প্রাচীন ঐতিহ্য মন্দির অ্যাজটেক দের পরাভূত করে দেশটি দখল করেন। মধ্য আমেরিকার মায়্যা সভ্যতা, পেরুর ইনকা সভ্যতা, প্রভৃতি স্পেনের প্রধানত হয়। সতেরোশো খ্রিস্টাব্দের মধ্যে স্পেন উত্তর আমেরিকার অন্তর্গত টেক্সাস, ফ্লোরিডা এবং ক্যালিফোর্নিয়ার উপর আধিপত্য বিস্তার করতে সক্ষম হয়।

ইংল্যান্ড ফ্রান্স পর্তুগাল প্রভৃতি দেশ ও আমেরিকা আবিষ্কারের ক্ষেত্রে এরপর উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করে। টিউডর রাজা সপ্তম হেনরি জন ক্যবট ও শিবা স্টিয়ান ক্যাবটকে এ ব্যাপারে দায়িত্ব দেন। ১৫৩৪ খ্রিস্টাব্দে ফরাসি রাজা প্রথম ফ্রান্সিস ভোগোলিক আবিষ্কারের জন্য জ্যাকব কাটিয়ার কে উত্তর আমেরিকায় পাঠান। সেন্ট লরেন্স নদী তিনি আবিষ্কার করেন। এরপূর্বে পর্তুগালের অভিযাত্রী পেড্রো ক্যাব্রাল ১৫০০ খ্রিস্টাব্দে ব্রাজিল আবিষ্কার করেন। ১৫৮০ খ্রিস্টাব্দের মধ্যে ব্রাজিল হয়ে ওঠে পর্তুগিজ উপনিবেশিক দের বাসস্থান।

আমেরিকা আবিষ্কারের ফলাফল ছিল খুবই তাৎপর্যময়। আমেরিকা থেকে মূলত সোনা-রূপার তাল স্পেন ও পর্তুগাল এর মাধ্যমে ইউরোপীয় অর্থনীতিতে প্রবেশ করে। এরফলেই ইউরোপীয় মূল্য বিপ্লব হয়েছিল বলে অনেকে মনে করেন। এছাড়াও অভিযাত্রীরা ওই অঞ্চলে কফি, কোকো, ইক্ষু, তামাক চাষের সম্প্রসারণ করেছিলেন। ইউরোপে মূল্য বিপ্লব ঘটে যায় প্রতিটি দেশের সরকার নিজ নিজ দেশের অর্থনীতি সংরক্ষণের তৎপর হয়ে ওঠে। সরকারগুলি লক্ষ্য হয়ে ওঠে আমদানির হাস করে রপ্তানি বাড়ানো। এইভাবে জন্ম নেয় মার্কেটাইল বাদ। বাণিজ্যের ক্ষেত্রে নতুন প্রথার উদ্ভব ঘটে। মহাজনী ব্যবস্থার অবসান ঘটে। যৌথ বাণিজ্যিক সংস্থা গড়ে উঠতে থাকে। একই সূত্র ধরে ব্যাংকিং ব্যবস্থার উদ্ভব হয়। সৃষ্টি হয় বাণিজ্যিক পুঁজি।

বাণিজ্যের বিস্তার ও সংরক্ষণ বাদী অর্থনীতি ক্রমশ ব্যাংকিং পুঁজিকে শিল্প পুঁজি তে রূপান্তরিত করে। এই ভাবেই ইউরোপ দ্রুত গণতন্ত্রের পথে অগ্রসর হয়।

Answer is contributed by: পার্থপ্রতিম পাত্র, উদয়নারায়নপুর।